

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র

# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 144 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ৩০০ ● কলকাতা ● ২২ কার্ত্তিক, ১৪৩২ ● রবিবার ● ০৯ নভেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা



## ভোটের মুখে নতুন দল গঠনের ঘোষণা হুমায়ুন কবীরের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**বহরমপুর:** ছাব্বিশের আগেই হুমায়ুন কবীরের নতুন দল? বিধানসভা ভোটের মুখে নতুন দল গঠনের ঘোষণা হুমায়ুন কবীরের। ২২ ডিসেম্বর নতুন দল, জানালেন ভরতপুরের তৃণমূল বিধায়ক। বিধানসভা ভোটের কয়েকমাস আগে, বিস্ফোরক বক্তব্য রেখেছিলেন তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর। মুর্শিদাবাদ-মালদায় তৃণমূলকে শূন্য করে দেওয়ার হুঁশিয়ারিও দিয়েছিলেন তিনি। হুমায়ুন কবীর বলেছিলেন, 'আগামী দিনে নতুন একটা প্ল্যাটফর্ম খুলবো। আমি গত আসনের লড়ব, সময় কথা বলবে। তার সঙ্গে বলছি কংগ্রেসকে জুড়বো। সিপিএমকে জুড়বো। আইএসএফকেও সঙ্গে নেব।

এরপর ৩ পাতায়

## পর্ব 107

## হিমালয়ের সমর্পণ যোগ



বৈদ্য ছিলেন এবং আমি কোন প্রাকৃতিক চিকিৎসা কেন্দ্রে এসে বাস করছি। সম্ভবত এটা তাঁর কাজ করবার পদ্ধতি হবে। সারা জোর শরীরকে এক আধ্যাত্মিক সাধনার জন্য তৈরী করার উপরেই ছিল। কিন্তু রোজ তিনি এগোচ্ছিলেন। তিনি কোন নিশ্চিত শারীরিক স্থিতি পর্যন্ত আমাকে পৌঁছাতে চাইছিলেন। কতদূর যেতে হবে তা তাঁর নিশ্চিত জানা ছিল, কিন্তু তা আমার জানা ছিল না। কিন্তু প্রতিদিনের প্রগতি থেকে তিনি খুশী ছিলেন। তিনি খুশী থাকুন, এটাই কেবল আমার জীবনের একমাত্র উদ্দেশ্য ছিল। এরকম মনে হচ্ছিল তিনি প্রাকৃতিক রূপ থেকে আমার শরীরকে কোন বিশিষ্ট সাধনার জন্য তৈরী করছেন। **ক্রমশঃ**

ভর্তি চলছে

ভবানী চাইল্ড ইনস্টিটিউট

BHABANI CHILD INSTITUTE · 24 PARGANAS (SOUTH)

স্থাপিত ঃ ১৯৯৩

২০২৬ শিক্ষাবর্ষে নার্সারি শ্রেণির পঠন-পাঠন শুরু হবে ৪ঠা ডিসেম্বর, ২০২৫ বৃহস্পতিবার থেকে







আসন সংখ্যা সীমিত। অভিভাবকদের নীচের মোবাইল নম্বরে যোগাযোগ করার জন্য জানানো যাচ্ছে।

ভর্তির সময় ঃ সকাল ৯টা থেকে বেলা ১টা

যোগাযোগ ঃ 9083249944 / 9083249933 / 9083249922

# তালগ্রামে কন্যা শিশু হত্যার চেষ্টায় তীব্র চাঞ্চল্য — মানবিকতার আলো ছড়িয়ে গ্রামে পৌঁছলেন জেলাশাসক আকাঙ্খা ভাস্কর "প্রতিটি কন্যা শিশুই ভবিষ্যতের প্রতীক, তাঁদের সুরক্ষাই আমাদের প্রথম দায়িত্ব।" — জেলাশাসক আকাঙ্খা ভাস্কর



অরূপ ঘোষ, ঝাড়গ্রাম

ঝাড়গ্রামের বেলিয়াবেড়া থানার তালগ্রাম গ্রামে কন্যা শিশু হত্যার চেষ্টার ঘটনায় নড়েচড়ে বসেছে সমগ্র জেলা প্রশাসন। অমানবিকতার অন্ধকারে আলো জ্বালাতে শনিবার সকালে নিজে উপস্থিত হলেন ঝাড়গ্রামের জেলা শাসক আকাঙ্খা ভাস্কর। তাঁর সঙ্গে ছিলেন ঝাড়গ্রাম মহকুমার শাসক অনিন্দিতা রায় চৌধুরী সহ প্রশাসনের একাধিক আধিকারিক।

শুধু দপ্তরের সীমায় আবদ্ধ নন, মাঠে নেমে মানুষের পাশে দাঁড়ান তিনি। তালগ্রামের সাধারণ মানুষের চোখে তাই শনিবার দেখা গেল এক ভিন্ন চিত্র— 'দপ্তরের জেলাশাসক' নয়, 'মানবিক আকাঙ্খা ভাস্কর'।

এদিন ঝাড়গ্রাম জেলা প্রশাসনের নির্দেশে গোপীবল্লভপুর-২ ব্লক প্রশাসন ও পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হয় এক সচেতনতা শিবির। উপস্থিত ছিলেন শতাধিক মহিলা, কন্যাশ্রী ও গ্রামবাসীরা। মঞ্চে অভিনীত নাটকে ফুটে ওঠে বাল্যবিবাহ, কিশোরী গর্ভাবস্থা ও কন্যা শিশু হত্যার মতো সামাজিক অপরাধের কুফল।

জেলাশাসক মাটিতে বসে নাটক দেখেন, কন্যাশ্রী ও মহিলাদের পাশে বসে তাঁদের সঙ্গে কথা বলেন। প্রশাসনের অন্যান্য আধিকারিকরাও মিশে যান গ্রামবাসীদের ভিড়ে। জেলা শাসকের পাশে দাঁড়িয়ে গ্রামের মহিলারা বললেন, "আজ আমাদের কথা কেউ শুনছে— সেটাই সবচেয়ে বড় সাহস।"

সচেতনতা শিবিরে নাটক শেষে আকাঙ্খা ভাস্কর পা রাখেন গ্রাম ঘুরে। বাড়ি বাড়ি গিয়ে দেখেন মানুষ কীভাবে বাঁচছে, কী চাই তাদের জীবনে। শোনেন অভাবের গল্প, লেখেন উন্নয়নের প্রতিশ্রুতি। তাঁর চোখে-মুখে ছিল প্রশাসনের দৃঢ়তা, হৃদয়ে ছিল এক মায়ের মমতা। ঝাড়গ্রামের জেলাশাসক বলেন, আকাঙ্ক্ষা ভাস্কর বলেন, "আমরা আজ এসেছি শুধু প্রশাসনের প্রতিনিধি হিসেবে নয়, সমাজের সহযাত্রী হিসেবে। এই গ্রামের মেয়েরা অনেক সচেতন, তাঁদের সাহসই আমাদের অনুপ্রেরণা। আশা করি, এমন হৃদয়বিদারক ঘটনা আর কখনও ঘটবে না। প্রতিটি কন্যা শিশুই আমাদের ভবিষ্যৎ — তাঁদের সুরক্ষা নিশ্চিত করাই আমাদের কর্তব্য।"

এদিনের সচেতনতা শিবিরে উপস্থিত ছিলেন, জেলা পুলিশের ডিএসপি (হেডকোয়ার্টার) সমীর অধিকারী, গোপীবল্লভপুর-২ ব্লকের ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক রাহুল বিশ্বাস, গোপীবল্লভপুর বিধানসভার বিধায়ক ডাঃ খগেন্দ্রনাথ মাহাতো, নয়াগ্রাম বিধানসভার বিধায়ক দুলাল মুর্মু, বেলিয়াবেড়া থানার ওসি নিলু মণ্ডল, পঞ্চায়েত সমিতির সভাপতি শর্বরী অধিকারী, পূর্ত কর্মাধ্যক্ষ টিঙ্কু পাল ও সমাজসেবী স্বপন পাত্র— সকলেই ছিলেন এদিনের কর্মসূচিতে।

স্থানীয় বাসিন্দাদের কথায়, "এই প্রথম কোনো জেলা শাসক আমাদের গ্রামের মাটিতে এসে ঘণ্টার পর ঘণ্টা কাটালেন, আমাদের কথা মন দিয়ে শুনলেন। তিনি শুধু অফিসার নন — এক মানবিক মানুষ।"

উল্লেখ্য, গত শনিবার তালগ্রামে মাত্র আট দিনের এক কন্যাশিশুকে দুধে কিটনাশক মিশিয়ে খাওয়ানোর অভিযোগ ওঠে শিশুটির ঠাকুমার বিরুদ্ধে। রাতেই পুলিশ অভিযুক্তকে গ্রেফতার করে। সেই হৃদয়বিদারক ঘটনার পরই জেলা প্রশাসনের এই সরাসরি তৎপরতা প্রমাণ করল — আকাঙ্খা ভাস্করের নেতৃত্বে ঝাড়গ্রাম জেলা প্রশাসন কেবল কর্তৃত্বের নয়, মানবিকতারও প্রতীক।









## খুনের ঘটনায় গ্রেফতার রাজগঞ্জের বিডিও ঘনিষ্ঠ ২

স্টাফ রিপোর্টার, রোজদিন

**দত্তাবাদ :** দত্তাবাদে ব্যবসায়ীকে অপরহরণ-খুনে গ্রেফতার ২ BDO ঘনিষ্ঠ। ধৃতদের মধ্যে রাজু ঢালি কলকাতায় BDO-র গাড়ির চালক, দাবি পুলিশ সূত্রে। আরেক ধৃত তুফান থাপা



BDO-ঘনিষ্ঠ উত্তরবঙ্গের এক ঠিকাদার, খবর পুলিশ সূত্রে। খুনের ঘটনার সঙ্গে সরাসরি যোগ ধৃতদের, দাবি পুলিশের।এই ২ অভিযোগকারীর অভিযোগ পাঁচজন ছিল। বেধড়ক মারধর

এরপর ৩ পাতায়

(১ম পাতার পর)

# ভোটের মুখে নতুন দল গঠনের ঘোষণা হুমায়ুন কবীরের

কংগ্রেস সিপিএম আইএসএফ এবং হুমায়ুন কবীরের দল যদি এক জায়গায় হয়! হোক লড়াইটা! হোক! মুর্শিদাবাদের মানুষ কাকে সমর্থন করেন প্রমান হোক।' হুমায়ুন বলেছিলেন, '২০১১ তে বামফ্রন্টকে হারানোর সময় এই মুর্শিদাবাদ মালদাতে, তৃণমূলের কটা সিট ছিল? ২০১৬ সালে তৃণমূল সিট পেয়েছিল মুর্শিদাবাদে চারটে। আমি শুধু এটুকু বলছি, আমাকে বেশি ঘাটানোর পরিনামে আমার ক্ষতি হবে না, যাদের ক্ষতি হবে, তারা ভেবে দেখুন যে হুমায়ুন কবীরকে ঘাঁটালে কি হতে পারে।?'ভরতপুরের তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর বলেন, 'নতুন দলের চেয়ারম্যান আমি, আগেই ঘোষণা করে দিলাম। অন্য পদাধিকারীদের নাম ঘোষণা হবে ২২ ডিসেম্বর।মুর্শিদাবাদ ছাড়াও মালদা, উত্তর দিনাজপুরের নেতারাও থাকবেন দলে। হাওড়া, উত্তর ২৪ পরগনা-সহ বিভিন্ন জেলার লোক দলের পদে থাকবেন। ২২ ডিসেম্বর টেক্সটাইল মোড়ে ৫০ হাজার লোক নিয়ে জনসভা করব। এবার আমার সিদ্ধান্ত চূড়ান্ত, আর পিছিয়ে আসার কোনও সম্ভাবনা নেই'। সম্প্রতি ছাব্বিশের বিধানসভা ভোটে বিজেপিকে পঞ্চাশে নামিয়ে আনার চ্যালেঞ্জ ছুড়েছিলেন অভিষেক বন্দোপাধ্যায়। নাম না করে সেই প্রসঙ্গ টেনেও কটাক্ষ ছুড়ে দিয়েছেন তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর। তৃণমূল কংগ্রেসে যারা দাম্ভিকতার সঙ্গে বলছেন, বিজেপিকে 50 এ নামিয়ে আনবো! তিরিশ অব্দি মুখ্যমন্ত্রী থাকবেন ৩৬ সাল পর্যন্ত! এই দাম্ভিকতা বুদ্ধবাবুও দেখিয়েছিলেন এর আগেও বারবার দলের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে বিতর্কে জড়িয়েছেন তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর। তার জন্য তাঁকে সতর্ক করা হয়েছে, শোকজের মুখে পড়েছেন। কিন্তু, এবার ফের মুখ খুলে তিনি বুঝিয়ে দিলেন হুমায়ুন আছেন হুমায়ুনেই!

(২ পাতার পর)

# খুনের ঘটনায় গ্রেফতার রাজগঞ্জের বিডিও ঘনিষ্ঠ ২

করছিল তারা। উপস্থিত ছিলেন বিডিও-ও। বিকেল নাগাদ ছেড়ে দেওয়া হয় এই অশোক করকে। কয়েকদিন আগে এই অশোক কর দাবি করেছিলেন যে বিডিও-র বাড়ি থেকে তিনি সোনা চুরি করেছিলেন। সেই সোনা তিনি দেন দত্তাবাদের স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যাকে। দত্তাবাদের ওই স্বর্ণ ব্যবসায়ী তা গলিয়ে ফেলেন। অশোক করের আরও অভিযোগ বিডিও এবং আরও বেশ কয়েকজন তাঁকে এবং স্বপন কামিল্যাকে সল্টলেকের এবি ব্লকের একটি বাড়িতে নিয়ে যাওয়া হয়। দু'জনকেই বেধড়ক মারধর করা হয়। বেল্ট, লাঠি দিয়ে পিঠে, মাথায়, হাতে-পায়ে বেপরোয়া ভাবে মারধর করা হয়। এই সময় উপস্থিত ছিলেন বিডিও, তাঁর গাড়ির চালক, ঘনিষ্ঠ ঠিকাদার, এমনই অভিযোগ করেন অশোক কর।গত ২৯ অক্টোবর দত্তাবাদের স্বর্ণ ব্যবসায়ীকে অপহরণ করে খুনের অভিযোগ উঠেছে। অপহরণ এবং খুনের ঘটনায় নাম জড়ায় রাজগঞ্জের BDO প্রশান্ত বর্মণের। রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মণ যখন কলকাতায় আসতেন, তিনি যে গাড়ি চালাতেন, তার চালক ছিলেন রাজু ঢালি। তিনি নিউটাউনের বাসিন্দা। তাঁকে সেখান থেকেই গ্রেফতার করা হয়েছে। শুক্রবার রাতে রাজু ঢালিকে উত্তর ২৪ পরগনার নিউটাউন থেকে গ্রেফতার করে বিধাননগর কমিশনারেট। অন্যদিকে আরেক ধৃত তুফান থাপাকে গ্রেফতার করা হয়েছে উত্তরবঙ্গ থেকে। বিধাননগর কমিশনারেট তাঁকে গ্রেফতার করেছে। পুলিশ সূত্রে খবর, এই তুফান থাপা রাজগঞ্জের বিডিও ঘনিষ্ঠ ঠিকাদার। এই তুফান ঘটনার সময় কলকাতায় ছিলেন, যার প্রমাণ পুলিশ পেয়েছে। এ ব্যাপারে তাঁকে জিজ্ঞাসাবাদ করায় সদুত্তর মেলেনি। অন্যদিকে, রাজু ঢালিকেও গ্রেফতারের পর টানা জিজ্ঞাসাবাদ করা হয়। গোটা ঘটনা তিনি স্বীকার করেছেন বলে দাবি পুলিশের। জানা গিয়েছে, ঘটনার দিন সল্টলেকের এবি ব্লকে উপস্থিত ছিলেন রাজু ঢালি এবং তুফান থাপা। পুলিশ সূত্রে এমনটাই জানা গিয়েছে। এমনকি যখন গাড়িতে করে নিয়ে গিয়ে দেহ ফেলে দেওয়া হয়, সেই সময়েও ধৃত এই ২ ব্যক্তি উপস্থিত ছিলেন বলে জানতে পেরেছে পুলিশ। গত মঙ্গলবার ঘটেছিল এই সাংঘাতিক ঘটনা। তথ্য প্রমাণ লোপাট, অপরাধমূলক ষড়যন্ত্র এবং খুনের এই মামলায় চার থেকে পাঁচজন অভিযুক্ত রয়েছে বলে জানিয়েছেন ২ অভিযোগকারী। এই দুই অভিযোগকারীর মধ্যে একজন হলেন সেই ব্যক্তি যিনি, ওই স্বর্ণ ব্যবসায়ীর সঙ্গে অপহৃত হয়েছিলেন, যিনি দত্তাবাদের ওই বাড়ির মালিক। আরেকজন অশোক কর, যিনি দাবি করেছিলেন যে, তিনি বিডিও- র বাড়িতে কুকুর দেখাশোনার কাজ করতেন।

# বাড়িতে না গিয়ে এখান-ওখান থেকে ফর্ম বিলি? কঠিন শাস্তির মুখে পড়তে পারেন BLO-রা




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বড় নির্দেশ দিল নির্বাচন কমিশন। যে সমস্ত বুথ লেভেল অফিসাররা বাড়িতে বাড়িতে এসআইআর ফর্ম দেওয়ার বদলে যেখান-সেখান থেকে দিচ্ছেন, তাঁদের শোকজ করার নির্দেশ। ইলেক্ট্রোরাল রেজিস্ট্রেশন অফিসারদের শোকজ করার নির্দেশ সংশ্লিষ্ট বুথ লেভেল অফিসারদের। এখানে উল্লেখ্য, এসআইআর শুরু চালু হতেই বিভিন্ন জেলা থেকে অভিযোগ আসছিল কখনও বিএলও হয় তৃণমূল নেতার বাড়ি থেকে ফর্ম দিচ্ছেন, কখনও আবার পার্টি অফিসে বসে চলছে ফর্ম বিতরণ। এরপরই কমিশন এই ধরনের বুথ লেভেল অফিসারদের শোকজ এবং তাঁদের ডিসিপ্লিনারি প্রসেডিং করার জন্য নির্দেশ দিয়েছে। প্রসঙ্গত, শুভেন্দু অধিকারী বহুবার বিএলও-দের হুমকি দিয়ে বলেছিলেন, কেউ যদি নিরপেক্ষতা বজায় না রেখে কাজ করেন তাহলে তাঁদের অবস্থা বিহারের বাহান্ন জন বিএলও-র মতো হবে। শুভেন্দু বলেছিলেন, "শুধরে যান...।" তবে জেলাগুলি থেকে আসতে থাকে একের পর এক অভিযোগ। এরপরই দেখা গেল কমিশন করল পদক্ষেপ।কোথাও আবার তো বিএলও নয়, তৃণমূল কর্মীরাই নিয়ে যাচ্ছেন বাড়ি বাড়ি ফর্ম। কোথাও তো একেবারে

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

### পথশ্রী' প্রকল্পের কাজ দ্রুত শেষের নির্দেশ নবান্নর

জেলায় গিয়ে পথশ্রী প্রকল্পে রাস্তা তৈরির কাজ এবার থেকে খতিয়ে দেখবে আধিকারিকদের বিশেষ দল। শুক্রবার নবান্নে পথশ্রী প্রকল্পের পর্যালোচনা বৈঠকে করেন মুখ্যসচিব মনোজ পন্থ। নবান্ন সূত্রে খবর, বৈঠকে পথশ্রী প্রকল্পের কাজ দ্রুত শুরু করার নির্দেশ দেন মুখ্যসচিব। এই প্রকল্পে রাজ্যে প্রায় ৯ হাজার কিলোমিটার রাস্তা তৈরি করবে রাজ্য সরকার।রাজ্যজুড়ে এই মুহূর্তে এসআইআর-এর কাজ চলছে। সেই কাজ চললেও যাতে উন্নয়নমুখী কোনও প্রকল্পের কাজ আটকে না থাকে, তা দেখতে জেলাশাসকদের নির্দেশ দেন মুখ্যসচিব। যেহেতু সুপ্রিম কোর্ট ইতিমধ্যেই কেন্দ্রকে ১০০ দিনের কাজের টাকা দিতে নির্দেশ দিয়েছে। নবান্ন মনে করছে, কেন্দ্র যে কোনওদিনই কাজ শুরু করতে সবুজ সঙ্কেত দিতে পারে। সেই ছাড়পত্র পাওয়ার পরই দ্রুত যাতে কাজ শুরু করে দেওয়া যায়, তার জন্য যাবতীয় প্রস্তুতি আগে থেকেই সেরে রাখতে চায় রাজ্য। সেই মতো ব্যবস্থা করতে নির্দেশ দেওয়া হয়েছে এদিনের বৈঠকে। মুখ্যসচিব এদিন জেলাশাসকদের নির্দেশ দিয়েছেন, জবকার্ড হোল্ডারদের ই-কেওয়াইসি আপডেট করার কাজ শেষ করে ফেলতে হবে। পাশাপাশি জবকার্ড হোল্ডারদের ডাটাবেস তৈরির কাজও শেষ করতে হবে। সাত দিনের মধ্যে সকলের জবকার্ডের সঙ্গে আধার লিঙ্ক সম্পূর্ণ করে ফেলতে হবে। এদিনের বৈঠকে সেই নির্দেশও দেওয়া হয়েছে বলে খবর।গ্রামীণ রাস্তা সারাই ও নির্মাণের ক্ষেত্রে সমস্ত কাজ যাতে নির্দিষ্ট করে দেওয়া গাইডলাইন অনুযায়ী হয়, তার জন্য কড়া ব্যবস্থা নিচ্ছে নবান্ন। সূত্রের খবর, কাজ যথাযথ হচ্ছে কিনা, তা খতিয়ে দেখতে জেলায় যাবে বিশেষ দল। দলের সদস্যরা রাস্তা নির্মাণের অগ্রগতির পাশাপাশি অন্যান্য বিষয়গুলিও নজরে রাখবেন। পাশাপাশি জেলাশাসকরা রাস্তার গুণমানের দিকেও কড়া নজর রাখবেন। রাস্তা নির্মাণে জমি পেতে যাতে সমস্যা না হয়, তাও দেখবেন জেলাশাসকরা।

## পৃথিবীর সৃষ্টির মূলে শিব



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)



পিন্ড থেকে। ওই পিন্ডটিতে হঠাৎ বিস্ফোরণ হয় এবং পৃথিবীর সৃষ্টি হয়। সাধারণ ভাবে আমাদের প্রশ্ন জাগবে যে এই পিন্ডটির উৎপত্তি কোথা থেকে? কিন্তু বৈজ্ঞানিকরা এর সঠিক বাখ্যা দিতে পারেননি। কোন রহস্যময় ঘটনার ফলে এই পিন্ডটির উৎপত্তি। কিন্তু এই পিন্ডটির উৎপত্তি সম্পর্কে বিস্তর বিতর্ক রয়েছে। এই রহস্যময় জিনিসটি হল অসমিত এনার্জি ও উর্জাতে পরিপূর্ণ ছিল। আর এই রহস্যময় জিনিসটি হল সৃষ্টি স্থিতি ও বিনাশের দেবতা শিব। এই পিন্ডটির কখনও বিনাশ নেই। আর শিবেরও সৃষ্টি, বিনাশ নেই।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**


## বিহারে খোলা রাস্তায় মিলল কয়েক হাজার ভিভিপ্যাট স্লিপ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিহারে প্রথম দফার ভোট মিটতে না মিটতেই নির্বাচন কমিশনের কাণ্ডজ্ঞানহীনতার প্রমাণ মিলল। শনিবার (৮ নভেম্বর) সমস্তিপুর জেলার সরায়রঞ্জন বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কেএসআর কলেজের পাশে প্রকাশ্য রাস্তায় মিলেছে কয়েক হাজার ভিভিপ্যাট স্লিপ। ওই বিপুল পরিমাণ স্লিপ খোলা রাস্তায় পড়ে থাকা নিয়ে ব্যাপক চাঞ্চল্য দেখা দেয়।দ্বিতীয় দফার ভোটের আগে সমস্তিপুরের সরায়রঞ্জন বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কেএসআর কলেজের কাছে প্রকাশ্য রাস্তায় ভিভিপ্যাটের কয়েক হাজার স্লিপ দুমড়ানো-মোচড়ানো অবস্থায় পড়ে থাকার ঘটনায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। রাজ্যের বিরোধী দল আরজেডির তরফে সমাজমাধ্যমে এক পোস্টে নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। পোস্টে বলা হয়েছে, 'সমসতিপুরের সরায়রঞ্জন বিধানসভা কেন্দ্রের কেএসআর কলেজের কাছে রাস্তার উপরে প্রচুর পরিমাণ ভিভিপ্যাটের স্লিপ পাওয়া গিয়েছে। কবে, কিভাবে, কার ইশারায় ওই স্লিপ ফেলে দেওয়া হয়েছে। চোর আয়োগ (পড়ুন নির্বাচন কমিশন) কী এর জবাব দেবে? এটা কি বিহারে ভোট ডাকাতির উদ্দেশে আসা বহিরাগতদের কাজ?'খবর ধামাচাপা দিতে আসরে নামে নির্বাচন কমিশন। যদিও লাভ হয়নি। অনেকেই রাস্তায় ভিভিপ্যাটের স্লিপ পড়ে থাকার ছবি তুলে সমাজমাধ্যমে ভাইরাল করে দেন। ফলে মুখ বাঁচাতে প্রতিক্রিয়া দিতে বাধ্য হন নির্বাচন কমিশনের কর্তারা। তাঁরা দাবি করেছেন, 'প্রকাশ্য রাস্তায় পাওয়া ওই ভিভিপ্যাটের স্লিপ নকল ভোট বা মক পোলের সময়ে ব্যবহার করা হয়েছিল।' যদিও সংশ্লিষ্ট কেন্দ্রের সহকারী রিটার্নিং অফিসারকে (এআরও) সাসপেন্ড করার পাশাপাশি তাঁর বিরুদ্ধে এফআইআর দায়েরেও নির্দেশ দেওয়া হয়েছে।

গত ৬ নভেম্বর বিহারে প্রথম দফায় ১২১ আসনে ভোট নেওয়া হয়েছে। নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছিল প্রথম দফায় ৬৪.৬৬ শতাংশ ভোট পড়েছে। যা রেকর্ড। আগামী ১১ নভেম্বর দ্বিতীয় তথা শেষ দফায় রাজ্যের বাকি ১২২টি বিধানসভা আসনে ভোট নেওয়া হবে। ভোট গণনা হবে আগামী ১৪ নভেম্বর। প্রথম দফার ভোট শান্তিপূড়ণ করতে গিয়ে ল্যাজেগোবরে হয়েছিল নির্বাচন কমিশন। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সমীক্ষার পর প্রথম ভোটে এনডিএ নাকি মহাজোট বাজিমাত করে তা দেখতে মুখিয়ে গোটা দেশ।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

একটা বিপুলস্রোতা মোহনায় পরিণত হয়েছে, সেটা মাতৃকাধর্মের ইতিহাসবিদ অশোক রায় খেয়াল করেছেনঃ "কালী, দুর্গা, চামুণ্ডা ও অম্বিকার একে অপরের সঙ্গে সংযুক্ত হওয়ার ফলে একের বৈশিষ্ট্য অন্যের মধ্যেও **ক্রমশঃ**


**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# গঙ্গাসাগর স্নানেই জীবনের মোক্ষ লাভ

ঈশানী মল্লিক :

(দ্বিতীয় পর্ব)



আধুনিক জীবনের সঙ্গে মিশে গেছে, মেলার স্পন্দন প্রতিটি দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য ২০২১ এবং ২০২২ সালে ই-স্নান এবং ই-পূজার মতো স্কিমগুলি চালু করা হয়েছে। গঙ্গাসাগর মেলা ২০২৩ কোভিড-১৯ প্রাদুর্ভাবের পর থেকে সর্বোচ্চ মানব সমাবেশের সাক্ষী।

গঙ্গাসাগরের পৌরাণিক কাহিনী মূলত কথা বলে, জীবন ও মৃত্যুর বৃত্ত এবং মোক্ষ সম্পর্কে আর এই ভক্তির মুখ্য কেন্দ্রস্থল হল কপিল মুনির মন্দির। ভাগবত পুরাণ অনুযায়ী, কপিল মুনির পিতা ছিলেন মহর্ষি কর্দম মুনি এবং মাতা ছিলেন পৃথিবী শাসক স্বয়ম্ভব মনুর কন্যা দেবহূতি। কর্দম মুনি তাঁর পিতা ভগবান ব্রহ্মার আদেশ অনুযায়ী কঠোর তপস্যা করেছিলেন। তাঁর তপস্যায় সন্তুষ্ট হয়ে ভগবান বিষ্ণু তাঁর সামনে আবির্ভূত হন এবং কর্দম মুনিকে স্বয়ম্ভব মনুর কন্যা দেবহূতিকে বিবাহ করতে বলেন এবং ভবিষ্যতবাণী করেন, কর্দম মুনি ও দেবহূতির ৯টি কন্যা হবে এবং সময়ের সঙ্গে সমগ্র সৃষ্টিকে জীবিত সত্ত্বা দিয়ে পূর্ণ করবে। এছাড়াও ভগবান বিষ্ণু জানান, তিনি নিজে অবতার রূপে কর্দম মুনি ও দেবহূতির সন্তান হয়ে জন্মগ্রহণ করবেন এবং সমগ্র বিশ্বকে সাংখ্য দর্শন প্রদান করবেন। কপিল মুনি প্রথম জীবনে বেদের অগাধ জ্ঞান অর্জন করেন এবং সাংখ্য দর্শনকে সারা বিশ্বে প্রসিদ্ধ করেন।

গঙ্গাসাগরের কিংবদন্তী শুরু হয় রামায়ণের রামচন্দ্রের পূর্বপুরুষ রাজা সগরের উপাখ্যান দিয়ে। ইক্ষাকু বংশের রাজা সগর ঋষি ঔর্বের নির্দেশে শত অশ্বমেধ যজ্ঞ করবার সিদ্ধান্ত গ্রহণ করেন। কথিত ছিল, কেউ যদি শত অশ্বমেধ যজ্ঞ সম্পূর্ণ করে তাহলে সে সমগ্র পৃথিবীতে আধিপত্য অর্জন করতে পারবে। একমাত্র দেবরাজ ইন্দ্র তার আগে শত অশ্বমেধ যজ্ঞ সম্পন্ন করেছিলেন। সাগরের শত অশ্বমেধ যজ্ঞের সঙ্কল্প শুনে ইন্দ্র আশঙ্কিত হয়ে পড়েন সাগর সফল হলে তিনি মর্যাদা হারাবেন। ভীত ইন্দ্র, সাগরের যজ্ঞের অশ্ব কপিল মুনির আশ্রমে লুকিয়ে রাখেন।

যজ্ঞের অশ্ব খুঁজে না পেয়ে ক্রুদ্ধ সাগর, তার ৬০,০০০ পুত্রকে নিখোঁজ ঘোড়াটির সন্ধানে পাঠান। পথে সবকিছু ধ্বংস করতে করতে সাগরপুত্ররা পৌঁছন কপিল মুনির আশ্রমে। ধ্যানরত কপিল মুনির আশ্রমে পৌঁছে সাগরপুত্ররা অশ্বটি খুঁজে পেয়ে কপিল মুনির ধ্যানভঙ্গ করে এবং তাঁকে অপমান করে। ক্রুদ্ধ কপিল মুনি চোখ খুলে সাগরের ৬০,০০০ পুত্রকে ভস্ম করে তাদের আত্মা নরকে পাঠিয়ে দেন। বহু বছর পর, সাগরের বংশধর অংশুমান কপিল মুনির আশ্রমে পৌঁছে যজ্ঞের অশ্বটিকে খুঁজে পান। অংশুমান কপিল মুনিকে তুষ্ট করবার জন্য তপস্যা করেন। অংশুমানের তপস্যায় তুষ্ট কপিল মুনি অশ্বটিকে নিয়ে যাওয়ার অনুমতি দেন। কপিল মুনির কাছ থেকে অংশুমান জানতে পারেন,গঙ্গার পবিত্র জলে শ্রাদ্ধকর্মাদি করলে তবেই সাগরপুত্রদের আত্মা মুক্তি পাবে। কিন্তু অংশুমান বা তার পুত্র দিলীপ কেউই গঙ্গাকে মর্তে আনতে অসমর্থ হন। দিলীপের

ক্রমশঃ

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Chk) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে

কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu sarda
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)

Mobile : 9564382031

# সেনার গুলিতে কাশ্মীরে খতম ২ জঙ্গি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

শনিবার সকালে ভূস্বর্গে গুলির লড়াই। কাশ্মীরের কুপওয়াড়ায় খতম দুই জঙ্গি। বাকিদের খুঁজতে চলছে তল্লাশি অভিযান।সেনাবাহিনী জানিয়েছে অপারেশন পিম্পল এখনও চলছে। এলাকাজুড়ে তল্লাশি অভিযান চালানো হচ্ছে। এই দু'জন ছাড়াও অন্য কেউ লুকিয়ে রয়েছে কিনা সেটা তল্লাশি চালিয়ে দেখা হচ্ছে।

এর আগে ১৪ অক্টোবর, কুপওয়ারা জেলায় ভারত-পাক নিয়ন্ত্রণ রেখায় জঙ্গি অনুপ্রবেশের চেষ্টা ব্যর্থ দেয় সেনা। সেইকাহেও নিকেশ হয় দুই জঙ্গি। জম্মু ও কাশ্মীরে পয়াকিস্তানের সঙ্গে ৭৪০ কিলোমিটার লম্বা নিয়ন্ত্রণ রেখা রয়েছে। এই অঞ্চলে আন্তর্জাতিক সীমান্ত ২৪০ কিলোমিটার দীর্ঘ। নিয়ন্ত্রণ রেখা উপত্যকার বারামুলা, কুপওয়ারা, বান্দিপোরা এবং জম্মু জেলার কিছু অংশে বিস্তৃত। অন্যদিকে, আন্তর্জাতিক সীমান্ত রয়েছে জম্মু বিভাগের জম্মু, সাম্বা এবং কাঠুয়া জেলায়।সেনাবাহিনীর তরফে জানানো হয়েছে, কাশ্মীরের কুপওয়ারার কেরান সেক্টরের নিয়ন্ত্রণ রেখায় অনুপ্রবেশের চেষ্টা সম্পর্কে নির্দিষ্ট গোয়েন্দা তথ্য পাওয়া যায়।

এই তথ্যের ভিত্তিতে, শুক্রবার নিরাপত্তা সংস্থাগুলি একটি যৌথ অভিযান 'অপারেশন পিম্পল' শুরু করে। ওই এলাকায় সন্দেহজনক গতিবিধি লক্ষ্য করে অনুপ্রবেশকারীদের চ্যালেঞ্জ জানায় সেনাবাহিনী। এরপরেই তাঁদের দিকে গুলি চালানো হয় জঙ্গিদের তরফে।

পালাটা গুলি চালানো হয় সেনা বাহিনীর তরফে। সেই গুলির লড়াইতেই নিকেশ হয় দুই জঙ্গি। সেনার তরফে চিনার কর্পস এক্স হ্যান্ডেলের একটি পোস্টে জানিয়েছে, '৭ নভেম্বর ২০২৫ তারিখে, অনুপ্রবেশের বিষয়ে নির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে, কুপওয়ারার কেরান সেক্টরে একটি যৌথ অভিযান শুরু করা হয়। ওই এলাকায় সন্দেহজনক কার্যকলাপ দেখে জঙ্গিদের চ্যালেঞ্জ করে সেনা। সন্ত্রাসবাদীরা নির্বিচারে গুলি চালায় সেনার উপর। পালটা গুলি চালিয়ে তাদের আটকে দেওয়া হয়েছে।' তাঁরা আরও লিখেছে, 'এই অপারেশনে দুই জঙ্গিকে নিকেশ করা হয়েছে।'

# মতুয়াদের অনশন মঞ্চে অসুস্থ ৩, চলছে চিকিৎসা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

SIR-র প্রতিবাদে অনশনে বসেছেন মতুয়া সম্প্রদায়। ঠাকুরনগরে বীনাপাণিদেবীর ঘরের সামনে ঠাকুরবাড়িতেই অনশনে বসেছেন তাঁরা। অনশনের ৪ দিনের দিন অসুস্থ হয়ে পড়েছেন ৩ জন। অনশন মঞ্চেই তাঁদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। তাঁদের স্যালাইন দেওয়া হচ্ছে। ২৪ জন মিলে এই অনশন শুরু করেছিলেন।সাংগঠনিক সম্পাদক নরোত্তম বিশ্বাস এদিনও অনশন মঞ্চে হাজির হয়েছিলেন। তিনি বলেছেন, নিঃস্বার্থভাবে ভোটাররা এই অনশনে অংশ নিয়েছেন। ২০০২ সালের ভোটার তালিকায় প্রত্যেকেরই নাম আছে। সাধারণ মানুষদের কথা ভেবে এঁরা অনশনে বসেছেন। বুধবার থেকে এই অনশনে বসার ঘোষণা করেছিলেন মমতাবালা ঠাকুর। সেই মতো বুধবার থেকে চলছে অনশন।৩ জন অসুস্থ হয়ে যাওয়ায় অনশন প্রত্যাহার করেছেন। শুক্রবার আরও ৩ জনের শারিরীক অবস্থার অবনতি হয়। অসুস্থ হলেও অনশন মঞ্চ ছাড়তে রাজি হননি তাঁরা।

জানা গিয়েছে, ২১ জনের মধ্যে শুক্রবার রাতে অসুস্থ হয়ে পড়েন ৩ জন। রক্তচাপ তাঁদের অনেকটাই নেমে গিয়েছে। তারপরেও অনশন মঞ্চ ছাড়তে চাননি তাঁরা। সেখানেই তাঁদের স্যালাইনে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। অনশন শুরুর পর থেকে মঞ্চে হাজির রয়েছে মেডিক্যাল টিম। সকলের রক্তচাপ সহ বিভিন্ন পরীক্ষা নিরিক্ষা করা হচ্ছে। শুক্রবার অসুস্থ হয়ে পড়েছেন নগেন মণ্ডল, নারায়ণ বারুই, ত্রিনাথ ঘরামি।

জানা গিয়েছে, অনশনকারীদের মধ্যে অনেকের রক্তচাপ কমে গিয়েছে। শরীর ডিহাইড্রেট হয়ে গিয়েছে। একজনের শারিরীক অবস্থা অত্যন্ত খারাপ পর্যায়ে পৌঁছে গিয়েছে। কিন্তু তারপরেও অনশন চালিয়ে যেতে তাঁরা বদ্ধপরিকর। অনশন মঞ্চে রয়েছেন মতুয়া গোঁসাই, দলপতিরা মঞ্চে রয়েছেন। মতুয়া ভক্তরাও হাজির হয়েছেন সেই অনশন মঞ্চে। মেডিক্যাল টিমও হাজির হয়েছে সেখানে। অনশনকারীদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে।

(৩ পাতার পর)

# বাড়িতে না গিয়ে এখান-ওখান থেকে ফর্ম বিলি? কঠিন শাস্তির মুখে পড়তে পারেন BLO-রা

রাস্তার মধ্যে বেঞ্চ পেতে ফর্ম বিতরণ চলছে। মালদহ-মুর্শিদাবাদের মতো একাধিক জেলা থেকে এই রকম অভিযোগ উঠছে। এরপরই এই নিয়ে কমিশনে গুচ্ছ-গুচ্ছ অভিযোগ দায়ের হয়।

বিশেষ করে সরব হয় বিজেপি। সম্প্রতি, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও একাধিক বিষয়ে নির্বাচন কমিশনে যান আরও আরও কিছু অভিযোগ জানাতে। এরপর শনিবার নড়েচড়ে বসে নির্বাচন কমিশন। অভিযোগ, বারবার বলা সত্ত্বেও অনেক বুথ লেভেল অফিসাররা বাড়িতে-বাড়িতে এসআইআর (SIR) এ ফর্ম দেওয়ার বদলে যেখান সেখান থেকে দিচ্ছেন।

# পদত্যাগ করলেন ফালাকাটা পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান




**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**

পদত্যাগ করলেন ফালাকাটা পুরসভার চেয়ারম্যান প্রদীপ কুমার মুহুরী ও ভাইস চেয়ারম্যান জয়ন্ত অধিকারী। শুক্রবার আলিপুরদুয়ার মহকুমা শাসকের দপ্তরে গিয়ে তাঁরা পদত্যাগপত্র জমা দেন। এর পরই শহর জুড়ে শুরু হয়েছে তীব্র আলোড়ন।তৃণমূল সূত্রে জানা গেছে, ২০২৬সালের বিধানসভা নির্বাচনকে সামনে রেখে ফালাকাটা পুরসভায় সংগঠনকে আরও শক্তিশালী করার লক্ষ্যে এই পদক্ষেপ নেওয়া হয়েছে। পুরসভায় রাজনৈতিক অবস্থান এবং ক্ষমতার সমীকরণ আরও মজবুত করতেই দুই পুরপ্রশাসককে সরানো হয়েছে বলে দাবি দলীয় মহলের।

।দলের একাংশের অভিযোগ, কয়েকদিন আগে রাজ্যস্তরে একাধিক পুরশাসনে পরিবর্তন করা হলেও, ফালাকাটায় রাজ্য নেতৃত্বের বদল না করে সরাসরি পদত্যাগ করানো হয়েছে। তাঁদের দাবি,এর আগেও চেয়ারম্যানকে কাজ করতে একাধিক বাধার মুখে পড়তে হয়েছিল।শহরের আলোকায়ন, টয়লেট নির্মাণ ও রাস্তা সংস্কারের মতো উন্নয়নমূলক কাজ শুরু হতে থাকতেই তাঁকে চাপ সৃষ্টি করে পদ ছাড়তে বাধ্য করা হয়েছে।বিদায়ী চেয়ারম্যান প্রদীপ কুমার মুহুরী বলেন,দলীয় নির্দেশ মেনে আমরা পদত্যাগ করেছি। দল যাকে যোগ্য মনে করবে, তাকেই দায়িত্ব দেওয়া হবে। আমরা দলের হয়েই কাজ করে যাব। তবে কি তৃণমূল কংগ্রেসের ২০২৬ বিধানসভায় ভালো ফল করাই এখন প্রধান লক্ষ্য? তবে কি পুরসভায় নেতৃত্ব পরিবর্তনের মধ্য দিয়ে ফালাকাটায় তৃণমূলের ভিত শক্ত করতে চাইছে শাসকদল ? তবে এই পদক্ষেপে তৃণমূলের অন্দরে যে অসন্তোষ ও বিভাজন প্রকট হয়েছে,তা আগামি দিনে প্রভাব ফেলতে পারে স্থানীয় রাজনৈতিক চিত্রে।

# সিনেমার খবর

# টাকা দিয়ে পুরস্কার কেনার অভিযোগ, জবাবে যা বললেন অভিষেক

স্টাফ রিপোর্টার, রোজদিন



বাবা বলিউড সিনেমার শাহেনশাহ। সে হিসেবে ছেলে ততটা আলো কেড়ে নিতে পারেননি। তারপরও চেষ্টার কমতি নেই অভিষেক বচ্চনের। গল্পপ্রধান চরিত্রে অভিনয় করে নিজের প্রতিভার স্বাক্ষর রেখে চলেছেন।

সম্প্রতি 'আই ওয়ান্ট টু টক' ছবির জন্য ফিল্মফেয়ারে সেরা অভিনেতার পুরস্কার জেতেন অভিষেক। এর কয়েকদিন পর একজন সাংবাদিক সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্সে (সাবেক টুইটার) একটি পোস্ট শেয়ার করে লিখেছেন, অভিষেক বচ্চন একজন ভালো মানুষ, কিন্তু তিনি কীভাবে পুরস্কার কিনতে হয় এবং জনসংযোগ ক্ষমতা ব্যবহার করে ক্রমাগত খবরে থাকতে হয়, তার একটি উদাহরণ, যদিও তার ক্যারিয়ারে একক ব্লকবাস্টার নেই।

এই অভিযোগের জবাব দিয়েছেন জুনিয়র বচ্চন। তিনি বলেন, আমি স্পষ্ট করে বলতে চাই, আমি কখনো কোনো পুরস্কার কিনিনি বা আক্রমণাত্মক প্রচারণায় লিপ্ত হইনি। আমি কেবল কঠোর পরিশ্রম করেছি, রক্ত, ঘাম ঝরিয়েছি। অনেক কান্নাও ঝরেছে।

তিনি আরও বলেন, আমি জানি আপনি আমাকে বিশ্বাস করবেন না। তাই সবচেয়ে ভালো উপায় হলো আরও কঠোর পরিশ্রম করা যাতে আমার ভবিষ্যতের কোনো অর্জন আপনাকে কখনো সন্দেহ করার কারণ না দেয়। আমি আপনাকে ভুল প্রমাণ করব।

উল্লেখ্য, ২০০০ সালে 'রিফিউজি' সিনেমার মাধ্যমে বলিউডে যাত্রা করেন অভিষেক বচ্চন। ছবিটি বক্স অফিসে খুব একটা শোরগোল না ফেললেও সিনেসমালোচকদের কাছে প্রশংসিত হয়েছিল। এবার পঁচিশ বছরের ফিল্মি ক্যারিয়ারে যখন ফিল্মফেয়ারের মঞ্চে সেরা অভিনেতার পুরস্কার পেলেন তখন সেই বিষয়টি নিয়েও কম জলঘোলা হচ্ছে না নেটমাধ্যমে।

# দীপিকাকে সমর্থন জানালেন কোয়েল

স্টাফ রিপোর্টার, রোজদিন



সম্প্রতি কর্মক্ষেত্রে ৮ ঘণ্টার শিফটের দাবি তুলে বিতর্কের কেন্দ্রে আসেন বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। এর জেরে দুটি বিগ বাজেটের ছবি হাতছাড়া হয় তার। তারপরও নিজের সিদ্ধান্তে অনড় অভিনেত্রী। দীপিকার এই দাবিকে সমর্থন জানিয়েছেন টলিউড অভিনেত্রী কোয়েল মল্লিক।

তিনি বলেন, আমার মনে হয়, দীপিকার যখন সন্তান হয়, নতুন মা হিসেবে তিনি ৮ ঘণ্টা কাজ করতে চেয়েছিলেন। এটা ন্যায্য দাবি, এখানে অন্যায় চাওয়া কিছু নেই। তবে এরসঙ্গে তিনি প্রযোজনা সংস্থার দিকটিও তুলে ধরেছেন।

কোয়েল বলেন, যখন বড় বাজেটের প্রোডাকশন হয় এবং বড় সেট তৈরি করা হয়, তখন প্রতি ঘণ্টার একটা খরচ থাকে। এ ক্ষেত্রে বিষয়টা পারস্পরিক বোঝাপড়ার ওপর নির্ভর করে।

অভিনেত্রীর দাবি, একেক সময় কী হয়, যখন অনেক বড় প্রোডাকশন হয়, একটা বড় সেট তৈরি করা হলো। সেই সেটের একটা প্রতিদিনের খরচ রয়েছে, প্রতিটা ঘণ্টার খরচ রয়েছে। সে রকম যদি হয়, সেখানে নিজেদের মধ্যেই একটা বোঝাপড়া হয়ে যায়।

কোয়েল বর্তমানে দুই সন্তানের জননী। পরিবার সামলে চলচ্চিত্রে কাজ করে চলেছেন সমান তালে। চলতি বছর একাধিক ছবি মুক্তি পেয়েছে এ অভিনেত্রীর।

# 'ব্যক্তিগত আক্রমণ' কীভাবে সামলান সারা



স্টাফ রিপোর্টার, রোজদিন

বাবা-মা দুজনই বলিউডের তারকা অভিনয়শিল্পী। সে হিসেবে তিনি তারকাসন্তান। নিজেও অভিনয় জগতে পা রেখেছেন অর্ধযুগ হলো। খ্যাতির বিড়ম্বনা হিসেবে জোটে অযাচিত 'ব্যক্তিগত সমালোচনা'ও। কীভাবে সেগুলো সামাল দেন সাইফকন্যা সারা আলি খান, জানালেন সেকথা।

তার কথায়, খ্যাতির সঙ্গেই সারাক্ষণ ট্রোল বা সমালোচনা যেন বিনা মূল্যেই হাজির হয়। বিশেষত তা যদি ব্যক্তিগত আক্রমণ হয়, তাহলে যেকোনো মানুষের মনোবল ভেঙে যেতে পারে।

সারা বলেন, আমি নিজেকে বারবার মনে করাই যে, আমার কাজের সম্পর্কে আসা সমালোচনা আমাকে শিখতে, বড় হতে, উন্নতি করতে সাহায্য করবে। আমি সেটার সম্মান করি। আক্রমণ যদি ব্যক্তিগত হয় বা মনে হয় আমাকে ছোট করার চেষ্টা করছে, তখন সেগুলো নিজের মনে প্রবেশ করতে দিই না। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, আমি কে, আমার মূল্যবোধ, আমার উদ্দেশ্য এবং যারা আমাকে পর্দার বাইরে চেনেন, তাদের সঙ্গে একাত্ম হয়ে থাকা।

২০১৮ সালে বলিউডে পা রাখেন সারা। প্রথম ছবি 'কেদারনাথ'। এরপর একে একে 'সিম্বা', 'কুলি নম্বর ১', 'আতরঙ্গি রে', 'জারা হাটকে জারা বাঁচকে'র মতো ছবিতে অভিনয় করেছেন তিনি। কাজের মাধ্যমে ইতোমধ্যে বলিউডে নিজের জায়গা তৈরি করেছেন এ অভিনেত্রী।

# ভারত-দক্ষিণ আফ্রিকা টেস্টে ভাঙছে শত বছরের প্রথা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




ভারতের আসাম রাজ্যের গুয়াহাটিতে ২২ নভেম্বর ভারতের ক্রিকেট দল ও দক্ষিণ আফ্রিকার মধ্যে দুই ম্যাচের সিরিজের শেষ টেস্ট শুরু হবে। ওই ম্যাচে এক ঐতিহাসিক পরিবর্তন দেখা যাবে। সেটি হলো মধ্যাহ্নভোজের আগে চা বিরতি নেওয়া হবে।

ভারতের পূর্বাঞ্চলে সূর্যোদয় এবং সূর্যাস্তের সময়ের কারণে এই বিরল সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নতুন সময়সূচী অনুযায়ী, প্রথম সেশন সকাল ৯টা থেকে ১১টা পর্যন্ত চলবে। এরপর ২০ মিনিটের চা বিরতি, দ্বিতীয় সেশন সকাল ১১টা ২০ থেকে ১টা ২০ পর্যন্ত, তারপর দুপুর ১ টা ২০ থেকে ২টা পর্যন্ত মধ্যাহ্নভোজ এবং শেষ সেশন ২টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

বিসিসিআইয়ের একটি সূত্র জানিয়েছে, 'গুয়াহাটিতে সূর্যোদয় ও সূর্যাস্ত তাড়াতাড়ি হওয়ায় আমরা প্রথমবার চা বিরতির সময় পরিবর্তনের সিদ্ধান্ত নিয়েছি। এতে মাঠে খেলোয়াড়দের জন্য অতিরিক্ত সময় থাকবে।'

ইতিহাসগতভাবে ভারতের টেস্ট ম্যাচগুলো সকাল ৯টা ৩০ মিনিটে শুরু হয়, ৪০ মিনিটের মধ্যাহ্নভোজ এবং ২০ মিনিটের চা বিরতি থাকে। তবে গুয়াহাটিতে নতুন সময়সূচী খেলোয়াড়দের সুবিধা দেবে এবং প্রতিদিন ৯০ ওভার নিশ্চিত করার জন্য ম্যাচ কর্মকর্তারা সময় বাড়াতে পারবেন।

উল্লেখ্য, সিরিজের প্রথম দুই টেস্ট কলকাতার ইডেন গার্ডেনে ১৪ নভেম্বর শুরু হবে। ভারত এবং দক্ষিণ আফ্রিকা এখন পর্যন্ত ৪৪টি টেস্টে মুখোমুখি হয়েছে, যার মধ্যে ভারত জিতেছে ১৬, দক্ষিণ আফ্রিকা ১৮ এবং ১০টি ম্যাচ ড্র হয়েছে।

## ম্যানইউতে নতুনদের মধ্যে সেরা এমবুমো: রুনি




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ম্যানচেস্টার ইউনাইটেডের গ্রীষ্মকালীন সাইনিংগুলোর মধ্যে সবচেয়ে বেশি আলো কেড়েছেন ব্রায়ান এমবুমো। ক্যামেরুনের এই ফরোয়ার্ডের পারফরম্যান্সে এখন মুগ্ধ ক্লাবের কিংবদন্তি ওয়েইন রুনি। শুরুতে তার যোগদান নিয়ে সংশয় থাকলেও, সময়ের সঙ্গে এমবুমো রুনির আস্থা জয় করেছেন।

ব্রেন্টফোর্ড থেকে ৭ কোটি পাউন্ডের বেশি ট্রান্সফার ফি দিয়ে দলে নেয় ইউনাইটেড। দলের জার্সিতে ইতিমধ্যে দারুণ ছন্দে আছেন এই ফরোয়ার্ড। সব প্রতিযোগিতা মিলিয়ে ১০ ম্যাচে করেছেন ৫ গোল। সেই ম্যাচে তার নৈপুণ্যে জয় পেয়েছে ওল্ড ট্রাফোর্ডের দলটি। অ্যানফিল্ডে লিভারপুলের বিপক্ষে ইউনাইটেডের ঐতিহাসিক জয়েও (২০১৬ সালের পর প্রথম) প্রথম গোলটি ছিল এমবুমোর।

'দ্য ওয়েইন রুনি শো'-তে ইংল্যান্ডের সাবেক অধিনায়ক বলেন,'শুরুতে আমি কিছুটা অনিশ্চিত ছিলাম এমবুমোকে নিয়ে। তবে সে দেখিয়েছে, সে ম্যানচেস্টার ইউনাইটেডের খেলোয়াড় হওয়ার যোগ্য। তার প্রাণশক্তি, পরিশ্রম আর মানসিকতা এসবই তাকে আলাদা করে তুলেছে।'

রুনি আরও যোগ করেন, 'অবশ্যই (মাথেউস) কুইয়াও ভালো পারফর্ম করছে, কিন্তু এমবুমোই সবচেয়ে ধারাবাহিক। আপনি যদি নিয়মিত সুযোগ তৈরি করেন, সঠিক জায়গায় থাকেন গোল আসবেই। গত মৌসুমে সে ব্রেন্টফোর্ডের হয়ে ২০টি গোল করেছিল, আর এবারও দুর্দান্ত শুরু করেছে।'

রুনির মতে, বর্তমান ইউনাইটেড দলে এমবুমোই সবচেয়ে সফল নতুন সাইনিং। তিনি আরও বলেন, 'এই মুহূর্তে এমবুমোর আত্মবিশ্বাস তুঙ্গে। আশা করি, এটা অব্যাহত থাকবে। কারণ, এখন পর্যন্ত সে-ই ইউনাইটেডের সেরা সাইনিং।'

ইংলিশ প্রিমিয়ার লিগে বর্তমানে ৯ ম্যাচে ৫ জয় ও ১ ড্রয়ে ১৬ পয়েন্ট নিয়ে ষষ্ঠ স্থানে আছে ম্যানচেস্টার ইউনাইটেড। টেবিলের শীর্ষে আছে ২২ পয়েন্ট সংগ্রহ করা আর্সেনাল।

## রবিনহোর জেল জীবনে কেমন কাটছে প্রতিটি দিন?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ইতালিতে ধর্ষণের দায়ে নয় বছরের কারাদণ্ডে সাজাপ্রাপ্ত ব্রাজিলের সাবেক ফুটবলার রবসন ডি সুজা, যাকে বিশ্বজুড়ে রবিনহো নামে চেনে সবাই। বর্তমানে ব্রাজিলের সাও পাওলোর একটি জেলে রয়েছেন তিনি। ২০২৪ সাল থেকে তিনি জেল খাটছেন। সাম্প্রতি একটি ভিডিও বার্তায় তিনি নিজেই জানিয়েছেন জেল জীবন কেমন কাটছে।

৪১ বছর বয়সি সাবেক এই তারকা ফুটবলারের বক্তব্য, 'আমার সঙ্গে অন্য কয়েদিদের মতোই আচরণ করা হয়। ফুটবলার হওয়ায় কোনো বিশেষ সুবিধা পাই না।' তিনি বলেন, 'আমরা একই খাবার খাই, একই সময়ে ঘুমাই, একই রুটিন পালন করি। রোববার ছুটির দিনে ফুটবল খেলার অনুমতি পাই।'

রবিনহো আরও জানিয়েছেন, 'কারও সঙ্গে কোনো ঝগড়া হয়নি। দর্শনার্থীরা শনিবার ও রবিবার এসে সাক্ষাৎ করতে পারে। আমার স্ত্রী কখনো একা আসে না; বাচ্চাদের সঙ্গে আসে। বড় ছেলে ফুটবল খেলে, ছোট দুই সন্তান মায়ের সঙ্গে থাকে। দেড় বছর হলো জেলে আছি।'

এর আগে, ২০১৩ সালের জানুয়ারিতে এসি মিলানের হয়ে খেলতে গিয়ে ইতালিতে ধর্ষণের ঘটনায় অভিযুক্ত হন রবিনহো। পরে আদালত তাকে দোষী সাব্যস্ত করে ব্রাজিলে পাঠায়। দেশে পৌঁছানোর পরই গ্রেফতার হন তিনি। তখন থেকে এই সাবেক তারকা জেল জীবন কাটাচ্ছেন।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR